বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোন ঃ ৯৫৬০৭৩৭, ৯৫৭৩৯২৬
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৪৩, ৫৬১)
E-mail ঃ dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা ক্রেঃবিঃ- শাখা-০৪ (এসএমই)-৭(১)/২০১৯-২০২০/ ৪৫৮(১২০০) তারিখ ঃ ০৭/০১/২০২০

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ সহায়ক জামানত হিসেবে 'ব্যক্তিগত গ্যারান্টি' গ্রহণ সংক্রান্ত নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে অর্থায়ন সংক্রান্ত অত্র বিভাগের পত্র নং বিকেবি-প্রকা/ ক্রেঃবিঃ (এসএমই)-৭(১)/২০১৯-২০২০/৩০৮/(১২৫০), তারিখ ২৫/০৯/২০১৯ এর মাধ্যমে জারীকৃত বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ৫ সেপ্টেম্বর , ২০১৯ তারিখের এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-২ এবং ১৯ ডিসেম্বর, ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

২। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ১৯ ডিসেম্বর, ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ এর মাধ্যমে জারীকৃত লেটারটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে নিম্নে মুদ্রণ করা হলোঃ

" উপর্যুক্ত বিষয়ে গত সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখে জারীকৃত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-২) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত মাস্টার সার্কুলার এর ৭.১ নং অনুচ্ছেদে ক্ষুদ্র উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যক্তিগত গ্যারান্টিকে সহায়ক জামানত হিসেবে বিবেচনা করার নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি গ্রাহককে একের অধিক ব্যক্তিগত গ্যারান্টি প্রদানে বাধ্য না করার বিষয়েও উল্লেখ করা হয়।

কিন্তু সম্প্রতি ব্যক্তিগত গ্যারান্টিকে সহায়ক জামানত হিসেবে বিবেচনার ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক একের অধিক ও সুনির্দিষ্ট ব্যক্তির (যেমনঃ উচ্চ পদস্থ কর্মকর্তা, বিত্তবান আত্মীয়-স্বজন, স্বামী ইত্যাদি) গ্যারান্টি প্রদানের জন্য উদ্যোক্তাগণকে চাপ প্রয়োগ বা বাধ্য করার বিষয়টি পরিলক্ষিত হচ্ছে। ফলে, ক্ষুদ্র উদ্যোক্তাগণের ঋণ প্রাপ্তি যেমন কষ্টসাধ্য হয়ে পড়ছে, তেমনি সিএমএসএমই খাতের উন্নয়নও বাধাগ্রস্ত হচ্ছে, যা কোনভাবেই কাম্য নয়।

০৩। এমতাবস্থায়, ঋণ প্রদানের ক্ষেত্রে 'ব্যক্তিগত গ্যারান্টিকে' সহায়ক জামানত হিসেবে বিবেচনা সংক্রান্ত আলোচ্য নির্দেশনাটি যথাযথভাবে পরিপালন এবং সুনির্দিষ্ট ব্যক্তির গ্যারান্টি প্রদানে ক্ষুদ্র উদ্যোক্তাগণকে কোনরূপ চাপ প্রয়োগ বা বাধ্য না করার বিষয়ে আপনাদেরকে পরামর্শ দেয়া হ'ল। "

৩। ক্ষুদ্র উদ্যোক্তাগণকে ঋণ প্রদানের ক্ষেত্রে 'ব্যক্তিগত গ্যারান্টিকে' সহায়ক জামানত হিসেবে বিবেচনা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের আলোচ্য নির্দেশনাটি যথাযথভাবে পরিপালন এবং সুনির্দিষ্ট ব্যক্তির গ্যারান্টি প্রদানে ক্ষুদ্র উদ্যোক্তাগণকে কোনরূপ চাপ প্রয়োগ বা বাধ্য না করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে।

চলমান পাতা-০২

বিষয় ঃ সহায়ক জামানত হিসেবে 'ব্যক্তিগত গ্যারান্টি' গ্রহণ সংক্রান্ত নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

৪। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ১৯ ডিসেম্বর, ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রন করা হলো । এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

০৭/০২/২০২০

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগের দায়িত্বে

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৪। সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/ অফিস নথি।

০৭/০২/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

# এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
## বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
## ঢাকা।

Website: www.bb.org.bd


এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১

তারিখঃ পৌষ ০৪, ১৪২৬
ডিসেম্বর ১৯, ২০১৯

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**<u>সহায়ক জামানত হিসেবে 'ব্যক্তিগত গ্যারান্টি' গ্রহণ সংক্রান্ত নির্দেশনা পরিপালন প্রসঙ্গে</u>।**

উপর্যুক্ত বিষয়ে গত সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখে জারিকৃত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-২) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত মাস্টার সার্কুলার এর ৭.১ নং অনুচ্ছেদে ক্ষুদ্র উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যক্তিগত গ্যারান্টিকে সহায়ক জামানত হিসেবে বিবেচনা করার নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি গ্রাহককে একের অধিক ব্যক্তিগত গ্যারান্টি প্রদানে বাধ্য না করার বিষয়েও উল্লেখ করা হয়।

কিন্তু, সম্প্রতি ব্যক্তিগত গ্যারান্টিকে সহায়ক জমানত হিসেবে বিবেচনার ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক একের অধিক ও সুনির্দিষ্ট ব্যক্তির (যেমন ঃ উচ্চ পদস্থ কর্মকর্তা, বিত্তবান আত্মীয়-স্বজন, স্বামী ইত্যাদি) গ্যারান্টি প্রদানের জন্য উদ্যোক্তাগণকে চাপ প্রয়োগ বা বাধ্য করার বিষয়টি পরিলক্ষিত হচ্ছে। ফলে, ক্ষুদ্র উদ্যোক্তাগণের ঋণ প্রাপ্তি যেমন কষ্টসাধ্য হয়ে পড়ছে, তেমনি সিএমএসএমই খাতের উন্নয়নও বাধাগ্রস্ত হচ্ছে, যা কোনভাবেই কাম্য নয়।

০৩। এমতাবস্থায়, ঋণ প্রদানের ক্ষেত্রে 'ব্যক্তিগত গ্যারান্টিকে' সহায়ক জামানত হিসেবে বিবেচনা সংক্রান্ত আলোচ্য নির্দেশনাটি যথাযথভাবে পরিপালন এবং সুনির্দিষ্ট ব্যক্তির গ্যারান্টি প্রদানে ক্ষুদ্র উদ্যোক্তাগণকে কোনরূপ চাপ প্রয়োগ বা বাধ্য না করার বিষয়ে আপনাদেরকে পরামর্শ দেয়া হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

(লীলা রশিদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২